Charter Revision Commision

গভার্নমেন্ট রিফরম অ্যান্ড ইলেকশন ফোরাম এবং ব্রঙ্কস পাবলিক ইনপুট সেশন

সময় ও স্থান:

সোমবার, 17 জুন, 2024, বিকাল 5:00টা – রাত 8:00টা

NYC Heath +Hospitals/Lincoln

234 East 149 Street, Bronx, NY 10451

(মরিশ এভিনিউয়ের প্রবেশদ্বারে, 149 স্ট্রিট থেকে)

ভার্চুয়াল লোকেশন: nyc.gov/charter-তে পোস্ট করা Zoom মিটিংয়ের লিঙ্ক দেখুন।

পাবলিক ইনপুট সেশনের বিজ্ঞপ্তি

নিউ ইয়র্ক সিটি চার্টার রিভিশন কমিশন ("CRC") নিউ ইয়র্ক সিটি চার্টারে প্রস্তাবিত পরিবর্তনের ব্যাপারে আলোচনা করার জন্য ব্রঙ্কসে গভার্নমেন্ট রিফরম অ্যান্ড ইলেকশন ফোরাম এবং একটি পাবলিক ইনপুট সেশনের আয়োজন করবে।

এই পাবলিক ফোরাম ও ইনপুট সেশনটি মানে কী?

নিউ ইয়র্ক সিটি চার্টার ("চার্টার")-এর মাধ্যমে শহরের সরকারকে স্ট্রাকচার প্রদান করা হয় এবং শহরের নির্বাচিত কর্মকর্তা ও এজেন্সিগুলোকে ক্ষমতা দেওয়া হয়। CRC-কে সমগ্র চার্টার পর্যালোচনা করার ক্ষমতা দেওয়া হয়েছে। এটি এমন পরিবর্তনের পরামর্শ দিতে পারে যা সরকারকে আরো দক্ষতার সাথে কাজ করতে এবং নিউ ইয়র্কের সকল নাগরিককে আরো ভালো সেবা দিতে সাহায্য করবে।

বিশেষজ্ঞগণ গভার্নমেন্ট এবং ইলেকশন রিফরম প্রস্তাব সম্পর্কে সাক্ষ্য দেওয়ার সময় সাধারণ মানুষকে সরকারি বিষয়ে গুরুত্বপূর্ণ যেকোনো সাক্ষ্য দেওয়ার এবং চার্টারে পরিবর্তন প্রস্তাব করার জন্য আমন্ত্রণ জানানো হচ্ছে। আমাদের এই ওয়েবসাইট ভিজিট করে নিউ ইয়র্ক সিটি চার্টার রিভিশনের ব্যাপারে আরও জেনে নিতে পারেন: www.nyc.gov/charter.

কে বা কারা মতামত জানাতে পারেন?

মিটিংটি জনসাধারণের সামনে উন্মুক্ত এবং সাধারণ জনগণ কমিশনের সামনে গিয়ে মতামত জানানোর সুযোগ পাবেন। জনসাধারণের যেকোনো সদস্য সিটি চার্টার উন্নত করার জন্য তাদের ধারণা সম্পর্কে সাক্ষ্য দিতে পারেন, তবে তিন (3) মিনিটের বেশি নয়। কমিশনটি সভায়

ব্যক্তিগতভাবে উপস্থিত থাকা ব্যক্তিদের এবং জুমের মাধ্যমে যোগদানকারীদের সাক্ষ্য গ্রহণ করবে। মতামত প্রকাশ করতে আগ্রহী একটি গোষ্ঠী সংগঠন বা প্রতিষ্ঠানকে একটি অনুমোদিত প্রতিনিধি বেছে নিতে হবে। পাঁচটি বরোর মধ্যে থেকে যে কেউ মতামত প্রকাশ করতে পারেন। এই শুনানিতে বক্তব্য রাখতে নিবন্ধন করা সকলকে CRC সামান্য করার চেষ্টা করবে। তবে সময় না থাকলে পরবর্তী CRC জনসাধারণের মতামত গ্রহণের সেশনগুলোতে সাক্ষ্য দেওয়ার বা charterinfo@citycharter.nyc.gov ঠিকানায় লিখিত মন্তব্য জমা দেওয়ার জন্য জনসাধারণকে উৎসাহিত করা হয়।

লিখিত মন্তব্য জমা দেওয়ার কি চূড়ান্ত সময়সীমা আছে?

জনগণ চাইলে বরং এখানে charterinfo@citycharter.nyc.gov লিখিতভাবে মন্তব্য জমা দিতে পারেন বা শুনানিতে লাইভ সাক্ষ্য দিতে পারেন। লিখিত সাক্ষ্য অবশ্যই বিকাল 5:00টা, শুক্রবার, 12 জুলাইয়ের মধ্যে প্রাপ্ত হতে হবে।

কখন ও কোথায় শুনানি হবে?

জনসাধারণের সামনে সুযোগ আছে এবং ইনপুট সেশনটি ভার্চুয়াল উপায়ে Zoom লিঙ্কের মাধ্যমে অ্যাক্সেস করা যাবে, যেটি www.nyc.gov/charter-এ পোস্ট করা হয়েছে এবং সোমবার, 17 জুন, বিকাল 5:00টায় এই ঠিকানায় পাওয়া যাবে:

NYC Heath +Hospitals/Lincoln

234 East 149 Street, Bronx, NY 10451

(মরিশ এভিনিউয়ের প্রবেশদ্বারে, 149 স্ট্রিট থেকে)

www.nyc.gov/charter-এ পোস্ট করা জুম লিঙ্কে জনসাধারণ ঠিক সেই সময়ে মিটিংয়ে যোগ দিতে পারবেন।

মিটিংয়ে মতামত জানাতে বা পর্যবেক্ষণ করার জন্য আমার সাহায্যের প্রয়োজন হলে কী করব?

আমেরিকান সাইন ল্যাঙ্গোয়েজ এবং স্প্যানিশ ইন্টারপ্রিটেশন অনলাইনে এবং অন-সাইটে প্রদান করা হবে। অনুগ্রহ করে ভাষার ইন্টারপ্রিটেশন এবং/অথবা অন্যান্য অ্যাক্সেসিবিলিটি সম্পর্কিত অনুরোধ বৃহস্পতিবার, 13 জুন, বিকাল 5:00টার মধ্যে mopdcommissioner@cityhall.nyc.gov-তে ইমেইল করে বা 212-788-0014 নম্বরে কল করে ভয়েস মেইল দিয়ে জমা দিতে পারেন। সব অনুরোধ যতদূর সম্ভব পূরণ করার চেষ্টা করা হবে।